ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৫৭
বিলোনীয়া, ২০ আগস্ট, ২০২৪

**দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৬তম জন্মবার্ষিকী**

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৬তম জন্মবার্ষিকী গতকাল বিলোনীয়ার কলেজ স্কোয়ারস্থিত অগ্নিবীণা কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং বিলোনীয়া পুর পরিষদের সহযোগিতায় এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী ও পারিষদগণ। সভাপতিত্ব করেন বি কে ইনস্টিটিউশনের অধ্যক্ষ কুলেন্দ্র ত্রিপুরা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক রাজেশ দেবনাথ। অতিথিগণ তাদের বক্তব্যে মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্যের আধুনিক ত্রিপুরা গড়ার প্রয়াস নিয়ে আলোকপাত করেন। অনুষ্ঠানে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। তাছাড়া মহারাজা বীরবিক্রমের জীবনী নিয়ে অনুষ্ঠিত হয় উন্মুক্ত ক্যুইজ প্রতিযোগিতা। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ মহারাজা বীরবিক্রমের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

*******